Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



জনকণ্ঠ

সংস্কৃতি সংবাদ

# চারুকলার বকুলতলায় আজ সকালে বর্ষা উৎসব

সংস্কৃতি প্রতিবেদক ॥ রূপময় ঋতু বর্ষা নিয়ে রয়েছে বাঙালির বিশেষ আবেগ কিংবা অনুরাগ। রয়েছে ভালোলাগার সুন্দরতম অনুভব। সেই বাস্তবতায় জলজ জীবনের গল্পময় বর্ষাকাল নিয়ে আনন্দ-উচ্ছ্বাসের সীমা নেই। আর যারা বৃষ্টিস্নাত সময়ের গান-কবিতা শুনতে পছন্দ করেন তাদের জন্য আজ রবিবার পয়লা আষাঢ়ের সকালটি বড্ড রঙিন। এ দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের বকুলতলায় অনুষ্ঠিত হবে 'বর্ষা উৎসব-১৪৩২'। বিগত ১৭ বছরের ধারাবাহিকতায় বর্ষা উৎসব উদ্‌যাপন পরিষদ আয়োজিত এ উৎসবের সূচনা হবে সকাল সোয়া সাতটায়। সেতারের বাদনে শুরু হবে উৎসব। রাগ আহীর ভৈরবের আশ্রয়ে সেতারে সুরেলা শব্দধ্বনিতে শ্রোতার হৃদয়ে প্রশান্তি ছড়াবেন নবীন শিল্পী সোহানী মজমুদার।

বহুমাত্রিক পরিবেশনায় সজ্জিত এ আয়োজনে থাকবে বর্ষা কথন পর্ব। বর্ষা

(১৫ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## চারুকলার বকুলতলায়

(১৬-এর পৃষ্ঠার পর)

বন্দনায় নিবেদিত সে আলোচনায় অংশ নেবেন বাংলাদেশ গণসঙ্গীত সমন্বয় পরিষদের সভাপতি কাজী মিজানুর রহমান। ঘোষণাপত্র পাঠ করবেন সংগঠনের সাধারণ সম্পাদক মানজার চৌধুরী সুইট। সভাপতিত্ব করবেন আয়োজক সংগঠনের সভাপতি লেখক ও গবেষক অধ্যাপক ড. নিগার চৌধুরী। এ ছাড়া প্রতিকীভাবে ধরিত্রীকে সবুজ করার লক্ষ্যে শিশু-কিশোরদের মাঝে বনজ, ফলদ ও ঔষধি গাছের চারা বিতরণ করা হবে। বর্ণিল এ উৎসবে গাওয়া হবে বিশ্বকবি রবীন্দ্রনাথ ও জাতীয় কবি নজরুলের ঐশ্বর্যময় সৃষ্টিস্নাত সংগীত। একক সঙ্গীত পরিবেশন করেন ইয়াসমিন মুশতারী, সালাউদ্দিন আহমেদ, বিজন চন্দ্র মিস্ত্রী, নবনীতা জাইদ চৌধুরী অনন্যা, অনিমা রায়, শামা রহমান, মকবুল হোসেন ও ফেরদৌসী কাকলি। বাংলার লোককবিদের রচিত গান শোনাবেন বিমান চন্দ্র বিশ্বাস, শ্রাবনী গুহ রায় ও এসএম মেজবাহ। একক কণ্ঠে আধুনিক সংগীত পরিবেশন করবেন রত্না সরকার।

কবিতার দোলায়িত ছন্দে আবৃত্তি পরিবেশন করবেন নায়লা তারাননুম চৌধুরী কাকলি ও আহসান উল্লাহ তমাল। নাচ-গান ও আবৃত্তির সমন্বিত কোলাজ পরিবেশনা উপস্থাপন করবে শিশু-কিশোর সংগঠন শিল্পবৃত্ত। দলীয় সংগীত পরিবেশন করবে সীমান্ত খেলাঘর আসর (শিশু-কিশোর), সুর বিহার, বহ্নিশিখা, সুর নন্দন ও সত্যেন সেন শিল্পী গোষ্ঠী। সমবেত নাচ পরিবেশন করবে ধৃতি নর্তনালয়, নৃত্যাক্ষ, স্পন্দন, বেনুকা ললিতকলা কেন্দ্র, সিনথিয়া একাডেমি অফ আর্টস ও নৃত্যমের শিল্পীবৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনা করবেন নুসরাত ইয়াসমিন রুম্পা। এ অনুষ্ঠানের সহযোগিতায় রয়েছে সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের বকুলতলা থেকে অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করবে চ্যানেল-আই।

## দিনকাল

# ঢাবির ডিন অধ্যাপক ড. সিদ্দিকুর রহমানকে হোসেনপুরে সংবর্ধনা

হোসেনপুর (কিশোরগঞ্জ) প্রতিনিধি

কিশোরগঞ্জের হোসেনপুরে কুড়িমারা আলোকিত সামাজিক সংঘ পাঠাগার ও যুব সংঘের উদ্যোগে এলাকার কৃতি সন্তানদের গণসর্ম্বধনা অনুষ্ঠানে অধ্যাপক ড. সিদ্দিকুর রহমান খান বলেন মানুষের কৃতিত্বপুর্ণ কাজের জন্য দেশবাসী সর্ম্বধনা দেয় আর এ দেশে রাজনৈতিক পটভূমি পরিবর্তনে তাদের কর্মের জন্য মসজিদের ইমামও পালিয়ে গেছে। আমরা এমন হতে চাইনা কৃতিত্ব ধরে রাখতে চাই। উপজেলার দক্ষিণ কুড়িমারা সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে আলোকিত যুব সংঘের সভাপতি ঢাকা গর্ভমেন্ট ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের সিনিয়র শিক্ষক মুহাম্মদ শফিউল্লাহ কাড়ার সভাপতিত্বে ও সাধারন সম্পাদক মাওঃ জুনায়েদের সঞ্চালনায় অনুষ্ঠিত বর্ণাঢ্য আয়োজনে পার্শ্ববর্তী গলাচিপা গ্রামের কৃতি সন্তান ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন ও বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির সাধারন সম্পাদক অধ্যাপক ড. সিদ্দিকুর রহমান খান, কুড়িমারা গ্রামের কৃতিত্ব সিরাজগঞ্জ জেলার খামারখন্দ উপজেলার সহকারী কমিশনার ভূমি ইসরাত জাহান ও একই গ্রামের বিসিএস শিক্ষা কেডার কবিরহাট সরকারী কলেজের প্রভাষক রুবেল মিয়াকে তাদের কৃতিত্বের জন্য বিশেষ সম্মাননা প্রদান করা হয়। মাওঃ নাজমুল হকের কোরআন তেলাওয়াত ও জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সুচনার পর সর্ম্বধনা প্রাপ্ত ব্যাক্তিবর্গ তাদের কৃতিত্ব অর্জনে পিতা মতার অবদানের কথা বলতে গিয়ে আবেগে অশ্রুসিক্ত হয়ে পড়েন। এ ছাড়াও বক্তব্য রাখেন এস আর ডি স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মাহফুজুর রহমান, গলাচিপা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ওমর ফারুক নয়ন, হোসেনপুর সরকারী মডেল স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক এ এস এম জহির রায়হান, শাহেদল ইউপি চেয়ারম্যান ফিরোজ উদ্দিন, সাবেক ইউপি চেয়ারমান ও উপজেলা বিএনপির যুগ্ম আহবায়ক আবুল হাসিম সবুজ, সংঘের সহসভাপতি মাসুদুর রহমান, সাংগঠনিক সম্পাদক সাজ্জাদ হোসেন মাহতাব। এ সময় উপস্থিত ছিলেন আঃ আজিজ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক হুমায়ুন কবির কাজল, সিনিয়র সাংবাদিক ও প্রভাষক রফিকুল ইসলাম, আঃ মতিন মাস্টার, আঃ মন্নান বিএসসি, কফিল উদ্দিন মাস্টার প্রমুখ।